

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৮৫  
খোয়াই, ২০ নভেম্বর, ২০২৪

খোয়াইয়ে ভোক্তা অধিকার সচেতনতা বিষয়ক আলোচনাচক্র

দায়িত্বশীল নাগরিকদের ভোক্তা অধিকার বিষয়ে সচেতন থাকা প্রয়োজন : খাদ্যমন্ত্রী

সমাজের দায়িত্বশীল নাগরিকদের ভোক্তা অধিকার বিষয়ে সচেতন থাকা প্রয়োজন।

নাগরিকদের ভোক্তা অধিকার বিষয়ে সচেতন করার জন্য খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর বিভিন্ন উদ্যোগ নিয়েছে। নাগরিকরা ভোক্তা অধিকার সম্পর্কে সচেতন হলে অসাধু ব্যবসায়ীরাও সতর্ক থাকবে। আজ খোয়াইয়ের দশরথ দেব মেমোরিয়াল কলেজে ভোক্তা অধিকার সচেতনতা বিষয়ক এক আলোচনাচক্রে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এই আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনাচক্রে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন, ভোক্তা অধিকার সম্পর্কে সচেতন থাকলে পন্য সামগ্রী ক্রয়ে নাগরিকদের অসাধু ব্যবসায়ীরা ঠকাতে পারবেন। পন্য সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে নাগরিকদের ক্যাশ মেমো সংগ্রহ, মেয়াদ উত্তীর্ণের তারিখ বিষয়গুলি ভালভাবে দেখে নিতে হবে।

আলোচনাচক্রের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. যোগেশ প্রতাপ সিং, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা, খাদ্য দপ্তরের অধিকর্তা সুমিত লোধ প্রমুখ। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ড. খোকন মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন দশরথ দেব মেমোরিয়াল কলেজের অধ্যাপক ড. পঞ্জ চক্ৰবৰ্তী।

\*\*\*\*\*